# বাংলাদেশ কৃষি ব্যাংক

**প্রধান কার্যালয়**

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১

উ-সধরষ:

ফমসধপপড়ঁহঃং১@শৎরংযরনধহশ.ড়ৎম.নফ


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২১-২২/৪৩(১২৫০) তারিখঃ ২৭-০৭-২০২১খ্রিঃ

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়
২। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আয়কর পরিপত্র-২০২১-২০২২ মোতাবেক ২০২১-২০২২ করবর্ষের জন্য বিনিয়োগজনিত কর রেয়াত এবং সারচার্জ এর ক্ষেত্রে আনীত পরিবর্তন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত আয়কর পরিপত্র-২০২১-২০২২ এবং অত্র বিভাগের হিসাব পরিপত্র নং ০৬, তারিখ-২৩-০৯-২০২০খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। বর্ণিত হিসাব পরিপত্রের ২.৩ অনুচ্ছেদে উল্লিখিত রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (elligible amount) এর উপ-অনুচ্ছেদ- গ এ বর্ণিত ১ কোটি ৫০ লক্ষ টাকার পরিবর্তে আয়কর পরিপত্র-২০২১-২০২২ মোতাবেক ২০২১-২০২২ করবছরের জন্য রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (elligible amount) ১ কোটি টাকা হবে (সংশোধিত কম্পিউটেশন সীট সংযুক্ত)।

৩। উক্ত হিসাব পরিপত্রের ২.৫ অনুচ্ছেদে বর্ণিত সারচার্জ এর পরিবর্তে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত আয়কর পরিপত্র-২০২১-২০২২ মোতাবেক ২০২১-২০২২ করবছরের জন্য নিম্নবর্ণিত হারে সারচার্জ আরোপযোগ্য হবেঃ

| সম্পদ | সারচার্জের হার |
|---|---|
| ক. নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত | শূন্য |
| খ. নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে;<br>বা নিজ নামে একের অধিক মোটর গাড়ি;<br>বা কোন সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% |
| গ. নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে; | ২০% |
| ঘ. নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে; | ৩০% |
| ঙ. নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হলে- | ৩৫% |

ব্যাখ্যা ঃ

ক. নীট পরিসম্পদের মূল্যমান বলতে Incme-tax Ordinance 1984 (Ordinance No XXXVI of 1984 এর Section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) বুঝাবে; এবং

খ. মোটর গাড়ি বলতে প্রাইভেট কার, জীপ বা মাইক্রোবাস বুঝাবে।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে

(খান তামজিদ আহমেদ )
উপ মহাব্যবস্থাপক

নং- প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২১-২২/৪৩(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা;
২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা;
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা;
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো;
৬। নথি/মহানথি।

( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক